



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2021

গভর্নর ক্যাথি হোকল

## বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

গভর্নর ক্যাথি হোকল আজ একটি [ঘোষণাপত্র](#) জারি করে ঘোষণা দিয়েছেন যে 18 জানুয়ারি, মঙ্গলবার 68তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে একটি শূন্যপদ পূরণের উদ্দেশ্যে একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হবে। এই বিশেষ নির্বাচন রবার্ট জে. রডরিগেজ এর চলে যাওয়ার ফলে সৃষ্ট শূন্য পদটি পূরণ করবে, যিনি বর্তমানে সিনেটের নিশ্চিতকরণের জন্য অপেক্ষমান ভারপ্রাপ্ত সেক্রেটারি অব স্টেট হিসেবে দায়িত্ব পালন করছেন।

"রবার্ট রডরিগেজ এখন ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State)-এর প্রধান হিসেবে কর্মরত থাকায় আমি এই শূন্য পদটি পূরণ করা এবং 68তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের অধিবাসীদের জন্য প্রতিনিধিত্ব নিশ্চিত করতে একটি বিশেষ নির্বাচন ঘোষণা করছি," **বলেছেন গভর্নর হোকল।** "সেক্রেটারি অব স্টেট হিসেবে তার দক্ষ সেবাদান এবং ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এ তার নতুন নেতৃত্বের জন্য আমি রোজানা রোসেডোর প্রতি কৃতজ্ঞ। এরা এমন দুইজন ব্যক্তিত্ব যাদের বিস্তৃত পরিসরের বিশেষ দক্ষতা ও পটভূমি রয়েছে, এবং নিউ ইয়র্ককে সামনে এগিয়ে নিতে আমি তাদের সাথে কাজ করার প্রত্যাশা রাখি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)